গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২
**www.dgda.gov.bd**

স্মারক নং-ডিজিডিএ/পিভি-মিটিং/**ADRAC**-২০১৮/ ০০৫৫ তারিখ: ....../......../২০১৯

বরাবর
সিভিল সার্জন (সকল)

-----------------------------------------------

-----------------------------------------------

বিষয় ঃ **Ceftriaxone IV injection** ব্যবহারে রোগীর পার্শ্ব/বিরূপ প্রতিক্রিয়া (**Adverse Drug Reaction**) হিসেবে **Convulsion** হতে পারে বিধায় ঔষধটি রোগীর শরীরে প্রয়োগের পূর্বে টেস্ট ডোজ দিয়ে সহনীয়তা পরীক্ষা করণ এবং ৫ মিনিট ব্যাপি প্রয়োগ করার বিষয়টি অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে Adverse Drug Reaction Advisory Committee (ADRAC) এর ৯ম ও ১০ম সভার আলোচনা ও সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **Ceftriaxone IV injection**-এর Benefit-risk পর্যালোচনা করে রোগীর নিরাপত্তার স্বার্থে ঔষধটি ব্যবহারের ক্ষেত্রে বিরূপ প্রতিক্রিয়া (Adverse Drug Reaction) হিসেবে **Convulsion** হতে পারে বিধায় ঔষধটি রোগীর শরীরে প্রয়োগের পূর্বে টেস্ট ডোজ দিয়ে সহনীয়তা পরীক্ষা করণ এবং ৫ মিনিট ব্যাপি প্রয়োগ করতে হবে। বিষয়টি আপনার আওতাধীন সকল চিকিৎসা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট চিকিৎসক, ফার্মাসিস্ট, নার্স ও হেল্থকেয়ার প্রোভাইডারদেরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

উল্লেখ্য যে, এতদ্বিষয়ে অত্র অধিদপ্তরের স্মারক নং - ডিজিডিএ/পিভি-মিটিং/**ADRAC**-২০১৮/০০৪, তারিখ: ২৬/০৯/২০১৯ ইং মারফত সংশ্লিষ্ট সকল ঔষধ উৎপাদন ও বাজারজাতকারী প্রতিষ্ঠানকে ঔষধটির Patient Information Leaflet (PIL)` এবং Promotional Materials সংশোধনপূর্বক বলা হয়েছে।

মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান
মহাপরিচালক 05 DEC 2019
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ও
চেয়ারম্যান, ADRAC
ফোনঃ ৯৮৮০৮০৩, dgda.gov@gmail.com

স্মারক নং-ডিজিডিএ/পিভি-মিটিং/**ADRAC**-২০১৮/ তারিখ: ....../......../২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। পরিচালক, হসপিটাল এন্ড ক্লিনিকাল সার্ভিসেস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সকল হাসপাতলের সংশ্লিষ্ট বিভাগে বিষয়টি অবহিতকরণের অনুরোধ করা হল)।
২। অধ্যক্ষ, ........................................., মেডিকেল কলেজ (সকল)।
৩। পরিচালক/তত্ত্বাবধায়ক (আপনার হাসপাতলের সংশ্লিষ্ট বিভাগে বিষয়টি অবহিতকরণের অনুরোধ করা হল)।
৪। পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর ও হেড অব ADRM Cell.
৫। সংশ্লিষ্ট কর্মকর্তা, মোড়ক অনুমোদন শাখা, অত্র অধিদপ্তর।
৬।কম্পিউটার শাখা, অত্র অধিদপ্তর (বিষয়টি ওয়েবসাইটের ADRM এর News এ আপলোড করার জন্য বলা হল)।

মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর